৬২

দৈনিক সংবাদ

তারিখ ... 15-FEB 1994 ..
পৃষ্ঠা ৯ কলাম ৬

# রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা অনিশ্চিত

রাজশাহী, ১৪ই ফেব্রুয়ারি (নিজস্ব সংবাদদাতা)।– উপাচার্যের একক নির্দেশে প্রথম বর্ষে একজন ছাত্রের ভর্তির ঘটনাকে কেন্দ্র করে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে আসন্ন সম্মান ভর্তি পরীক্ষা অনিশ্চিত হয়ে পড়েছে। আগামী ২৬শে ফেব্রুয়ারি থেকে ভর্তি পরীক্ষা শুরু হওয়ার কথা।

১৯৯২–৯৩ শিক্ষাবর্ষের ১ম বর্ষ সম্মান শ্রেণীতে ভর্তি প্রার্থী জনৈক রাশেদ আমীর খানকে উপাচার্যের নির্দেশে গতমাসে ব্যবস্থাপনা বিভাগে ভর্তি করা হয়। জানা গেছে, ছাত্রটি গত ভর্তি পরীক্ষায় প্রয়োজনীয় নম্বর না পাওয়ায় ভর্তি হতে ব্যর্থ হয়। এরপর বিশেষ বিবেচনায় ভর্তির জন্য সে আবেদন জানায়। কিন্তু এ ধরনের কয়েকটি আবেদন ভর্তি কমিটির পর্যায়ক্রমিক চারটি সভায় নাকচ হয়ে যায়। ঐ সভাগুলোতে উপাচার্য এবং উপ-উপাচার্য সভাপতিত্ব করেছিলেন। ব্যবসায় ও বাণিজ্য অনুষদের ডীন অভিযোগ করেছেন, হঠাৎ করে গত মাসে উপাচার্য এক নির্দেশে বিশ্ববিদ্যালয়ের ভর্তির নিয়ম উপেক্ষা করে ছাত্রটিকে ভর্তি করান। ঐ ছাত্রের ভর্তি ফর্মে নিয়ম অনুযায়ী ডীন ও বিভাগীয় সভাপতিরও কোন স্বাক্ষর ছিল না।

এ ব্যাপারে আজ সকালে অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয় ডীনস কমিটির এক সভায় এই ভর্তিকে সম্পূর্ণ অবৈধ উল্লেখ করে বলা হয়েছে, আগামী ২০শে ফেব্রুয়ারির মধ্যে উপাচার্য এই ভর্তির আদেশ প্রত্যাহার না করলে সকল ডীন আসন্ন ১ম বর্ষ সম্মান ভর্তি পরীক্ষার দায়িত্ব পালন থেকে বিরত থাকবেন। এর আগে ব্যবস্থাপনা বিভাগের একাডেমিক কমিটির এক সভাতেও একই ধরনের সিদ্ধান্ত গৃহীত হয়। ১ম বর্ষ সম্মান শ্রেণীতে ভর্তি পরীক্ষার সকল কাজ ডীন কার্যালয় থেকেই সম্পন্ন হয়ে থাকে। তাই ডীনস্ কমিটি ঐ সিদ্ধান্তের কারণে আসন্ন ভর্তি পরীক্ষা (১৯৯৩–৯৪) সম্পূর্ণ অনিশ্চিত হয়ে পড়ল।